

শ্রীচৈতন্য মহাবিদ্যালয়

পো: হাবরা-প্রফুল্লনগর, জেলা : উত্তর ২৪ পরগনা, পিন : ৭৪৩২৬৮

WBSU -এর অন্তর্গত NAAC অনুমোদিত কলেজ

www.scmhabra.org/Email : srchma@gmail.com

অধ্যক্ষ : ড. সুব্রত চ্যাটার্জী

২০২০ দ্বিতীয় এবং চতুর্থ সেমেস্টারের বি.এ, বি.এস.সি, বি.কম (অনার্স এবং জেনারেল) ফাইনাল পরীক্ষার্থীদের জন্য^১ জরুরি নির্দেশাবলী

প্রথমত : দ্বিতীয় এবং চতুর্থ সেমেস্টারের বি.এ, বি.এস.সি, বি.কম (অনার্স এবং জেনারেল) পরীক্ষার্থীরা বৈধ রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর এবং যথাযথ প্রবেশ পত্রের অধিকারী পরীক্ষার্থীরা WBSU ওয়েবসাইটে প্রদত্ত প্রোগ্রাম অনুসারে ঘরে বসে পরীক্ষা লিখতে পারবে।

দ্বিতীয়ত : প্রশ্নগুলি পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<https://www.wbsuexams.net>) এবং শ্রীচৈতন্য মহাবিদ্যালয়ের ওয়েবসাইট (www.scmhabra.org) থেকে ডাউনলোড করা যেতে পারে। পরীক্ষা শুরুর আধিক্যটা আগে প্রশ্নপত্র ডাউনলোড করা যাবে। ইন্টারনেটের কারণে সময় কিছুটা এদিক ওদিক হতেও পারে।

তৃতীয়ত : পরীক্ষার্থীরা নিজেরাই কলেজ বা তাদের অনুমোদিত প্রতিনিধিদের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের রোল নম্বর এবং রেজিস্ট্রেশন নম্বর রেকর্ডে রাখার পর কলেজ অফিস থেকে প্রশ্নপত্র এবং ফাঁকা উত্তরপত্র গুলি সংগ্রহ করতে পারবে। যদি কেউ কলেজ থেকে মুদ্রিত প্রশ্নপত্র এবং ফাঁকা উত্তরপত্র সংগ্রহ করতে চাও তাহলে পরীক্ষার অ্যাডমিট কার্ড সাথে আনা বাধ্যতামূলক। সরকার কিংবা কলেজ কর্তৃপক্ষের করা নিয়ম মেনে চলতে হবে, যাতে করোনা মহামারী (কোভিড-১৯) ছড়িয়ে না পড়ে।

চতুর্থত : পরীক্ষার্থীদের নির্ধারিত ইমেইল আই.ডি-তে উত্তরপত্র পাঠাতে হবে পরীক্ষা শেষ হওয়ার একঘণ্টার মধ্যে। পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃক বৈধ অ্যাডমিট কার্ডের স্ক্যান কপি সহ তাদের স্ক্যান করা উত্তর স্ক্রিপ্টগুলো পিডিএফ ফর্ম্যাটেই আপলোড করতে হবে। এই প্রক্রিয়াটি প্রতিটি পরীক্ষায় অনুসরণ করতে হবে। এবং এটি বাধ্যতামূলক।

পঞ্চমত : পরীক্ষার প্রতিটি দিন নির্ধারিত মেইল ঠিকানা, বিষয় অনুসারে, পেপার অনুসারে, এবং ইউনিট অনুসারে (প্রয়োজনে) প্রতিটি দিন কলেজের ওয়েবসাইটে (www.scmhabra.org) প্রদান করা হবে। যেখানে পরীক্ষার্থীদের জমা দিতে হবে স্ক্যান করা উত্তর স্ক্রিপ্টগুলি। সাথে অ্যাডমিট কার্ডের স্ক্যানকপি। যাদের একাধিক ইউনিটের পরীক্ষা দিতে হবে তারা প্রতিটি ইউনিটের জন্য আলাদা উত্তরপত্র ব্যবহার করবে এবং সেগুলিতে আলাদা উত্তরপত্রের মতোই রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পত্রের এবং ইউনিটের নাম/নম্বর এবং অ্যাডমিট কার্ডের স্ক্যান কপি বাধ্যতামূলক ভাবে দেবে।

ষষ্ঠত : পরীক্ষার্থীদের প্রতিটি পৃষ্ঠায় তাদের রোল নম্বর এবং রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। এবং উত্তর স্ক্রিপ্ট নম্বরটি প্রতিটি পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর দেওয়ার জন্য কঠোরভাবে নির্দেশ দেওয়া হচ্ছে (১.২.৩.৪.....)। কোনো পরীক্ষার্থী যেন কোনোভাবে তার নাম উত্তরপত্রের কোথাও না লেখে। কোনোভাবে পরিচয় প্রকাশ করা যাবে না। এগুলি শাস্তিযোগ্য অপরাধ।

সপ্তমত : যদি কোনো পরীক্ষার্থী বা সংশ্লিষ্ট অভিভাবক তাদের উত্তর স্ক্রিপ্টগুলি সশরীরে জমা দিতে চায় তবে তাদের বাধ্যতামূলকভাবে তার অবস্থান যাচাই করার জন্য পরিচয়ের প্রমাণপত্র দিতে হবে। কলেজে সশরীরে উত্তরস্ক্রিপ্ট জমা দেওয়ার সময় তা অবশ্যই একটি বন্ধ খামে দিতে হবে। এবং খামের উপরে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয়ের নাম, পত্রের এবং ইউনিটের নাম/নম্বর লিখে তবে জমা করতে হবে।

অষ্টমত : প্রতিটি বিষয়ের উত্তরপত্র প্রেরণ করার ই-মেইল আই.ডি কলেজ ওয়েবসাইটে দেওয়া আছে এবং প্রতিটি প্রশ্নপত্রের শেষে দেওয়া থাকবে। তবে সেই ই-মেইল আই.ডি. সংযোজিত প্রশ্নপত্র শুধুমাত্র কলেজ ওয়েবসাইটে মিলবে, বিশ্ববিদ্যালয়ের সাইটে, কলেজ উত্তরপত্র প্রেরণের ই-মেইল আই.ডি থাকবে না। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের (বি.এ, বি.এস.সি, বি.কম অনার্স এবং জেনারেল দ্বিতীয় এবং চতুর্থ সেমেস্টার, ২০২০) উত্তর স্ক্রিপ্টগুলি পৌছেছে কিনা তা নিশ্চিত করার জন্য তাদের ই-মেইল ইনবক্স এবং প্রেরিত আইটেমগুলি ঘন ঘন পরীক্ষা করার জন্য অত্যন্ত জরুরি।

ড. সুব্রত চ্যাটার্জী

অধ্যক্ষ

শ্রীচৈতন্য মহাবিদ্যালয় (কলেজ কোড ১৪০)